

BDNews24.com, 30-12-2021

বড় ঋণ খেলাপিদের 'সুযোগ' দেওয়ার মূল্য এখনও দিচ্ছে রাষ্ট্র: ফরাসউদ্দিন

b bangla.bdnews24.com/economy/article1991815.bdnews

নিজস্ব প্রতিবেদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 29 Dec 2021 11:22 PM BdST Updated: 29 Dec 2021 11:52 PM BdST



ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে বুধবার বণিক বার্তা আয়োজিত দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে ভিডিও বার্তা পাঠানোর মাধ্যমে অংশ নেন সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন। ছবি: আসিফ মাহমুদ অভি

বড় খেলাপিদের ঋণ 'নিয়মিত করার সুযোগ' দেওয়ার মূল্য এখনও দিতে হচ্ছে বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন।

বুধবার 'পাঁচ দশকের উন্নয়ন অভিযাত্রায় কেন্দ্রীয় ব্যাংক' শীর্ষক এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।

রাজধানী ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে কেন্দ্রীয় ব্যাংকের বর্তমান ও সাবেক গভর্নররা বক্তব্য দেন। বাণিজ্য বিষয়ক দৈনিক সংবাদপত্র বণিক বার্তা দ্বিতীয়বারের মতো এ সম্মেলনের আয়োজন করে।

BDNews24.com, 30-12-2021

ঢাকার হোটেল ইন্টার কন্টিনেন্টালে বুধবার বণিক বার্তা আয়োজিত দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে অর্থনীতিবিদ ওয়াহিদ উদ্দিন মাহমুদ। ছবি: আসিফ মাহমুদ অভি

সভায় আগে রেকর্ড করা বক্তব্যে ফরাসউদ্দিন বলেন, “১৯৯২ সালের পরে দুর্বল ব্যাংকিং ব্যবস্থার কারণে অনেক ঋণ খলাপি হয়ে গিয়েছিল। এরপর এটাকে নিয়ন্ত্রণ করা হয়েছিল।

“এরপর দেশের বড় বড় ঋণ খেলাপিকে ২০০৯ সালে একবার এবং ২০১৪ সালে একবার পুরোপুরি সাদা করে দেওয়া হয়েছে। তারা এখন আর খেলাপি নাই। তারা সম্পূর্ণ নিয়মিত হয়ে গেল। রাষ্ট্রকে এ জন্য অনেক মূল্য দিতে হল এবং এখনও দিতে হচ্ছে বলে আমি মনে করি।”

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে আয়োজিত এ সম্মেলনে আলোচনায় গভর্নরদের বাইরে অংশ নেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মশিউর রহমান, অর্থনীতিবিদ ওয়াহিদউদ্দিন মাহমুদ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের জ্যেষ্ঠ সচিব আব্দুর রউফ তালুকদার।

ঢাকার হোটেল ইন্টার কন্টিনেন্টালে বুধবার দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে একান্ত আলাপে বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর ফজলে কবির ও সাবেক গভর্নর আতিউর রহমান। ছবি: আসিফ মাহমুদ অভি

বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর ফজলে কবির কেন্দ্রীয় ব্যাংকের বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনায় অংশ নেন সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, সালেহউদ্দিন আহমেদ ও ড. আতিউর রহমান। ফরাসউদ্দিন তার বক্তব্যে বাংলাদেশের অনেক সমস্যা স্কুল প্রেক্ষাপটেও কেন্দ্রীয় ব্যাংককে আশার আলো বলে প্রশংসা করেন।

তিনি টাকা পাচার রোধে কেন্দ্রীয় ব্যাংককে ব্যবস্থা নেওয়া শুরু করার পরামর্শ দেন।

করোনাভাইরাস মহামারীতে অর্থনীতির ক্ষতি কাটিয়ে উঠতে দেওয়া সরকারি প্রণোদনার প্রসঙ্গে তিনি বলেন, সরকার ঘোষিত প্রণোদনার টাকা বড় ব্যবসায়ীরা পেলেও ছোট ব্যবসায়ীরা পাননি।

ফরাসউদ্দিন এসময় বাংলাদেশ ব্যাংক যেভাবে ডলারের দাম ধরে রাখছে তা নিয়েও সমালোচনা করেন।

তিনি বলেন, “রপ্তানির জন্য ১ শতাংশ প্রণোদনা আর রেমিটেন্সের জন্য ২ শতাংশ প্রণোদনা- এগুলো অর্থনীতি শাস্ত্র সমর্থন করে না। কোনো দেশের অর্থনীতির অভিজ্ঞতা এগুলোকে কিন্তু সাক্ষ্য দেয় না।”

BDNews24.com, 30-12-2021

ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে বুধবার বণিক বার্তা আয়োজিত দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা মসিউর রহমান। ছবি: আসিফ মাহমুদ অভি

ডলারের দাম কমিয়ে দেওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, “কাজেই প্রণোদনা বন্ধে অভিজ্ঞ লোক দিয়ে এক দুই মাসে হিসাব-নিকাশ করে ডলারের বিপরীতে ঢাকার দাম কমিয়ে নিলে অনেক ভালো সমাধান হবে। এখন যে সমস্যাগুলো হচ্ছে সেগুলো থাকবে না।”

তবে তার সঙ্গে কিছুটা দ্বিমত প্রকাশ করে আরেক সাবেক গভর্নর আতিউর ডলারের দাম স্থিতিশীল রাখতে বেমিটেঙ্গে প্রণোদনা তুলে না দিয়ে বাড়িয়ে ৩ শতাংশ করার প্রস্তাব দেন।

আলোচনায় দেশের আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ানোর তাগিদ দেন অর্থনীতিবিদ ওয়াহিদুদ্দিন মাহমুদ।

তিনি বলেন, অন্যান্য তালিকাভুক্ত কোম্পানির তুলনায় বাংলাদেশের পুঁজিবাজারে আর্থিক খাতে তালিকাভুক্ত যেসব কোম্পানি আছে সেগুলোর রেগুলেশন আরও কঠিন হওয়া উচিত। কারণ এসব কোম্পানিতে মানুষের টাকা থাকে।

ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে বুধবার বণিক বার্তা আয়োজিত দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলনে সাবেক গভর্নর সালেহ উদ্দিন আহমেদ। ছবি: আসিফ মাহমুদ অভি

আর্থিক খাতে আরও স্বচ্ছতা ছাড়া এগোনো যাবে না মন্তব্য করে তিনি ব্যাংক খাতকে একক পরিবারের নিয়ন্ত্রণমুক্ত রাখার বিষয়ে জোর দেন।

তিনি বলেন, “একই পরিবারের কাছে কোনো ব্যাংকের নিয়ন্ত্রণ চলে যাওয়া অথবা একই পরিবারের কাছে একাধিক ব্যাংকের নিয়ন্ত্রণ চলে যাওয়া ঠেকানোর জন্য যে রেগুলেশন দরকার, সেটা আমরা এখনও শিখিনি। সেটা হয়তো আমাদের ঠেকে শিখতে হবে।”

সম্মেলন শুরু হয় দি সিটি ব্যাংক লিমিটেডের এমডি ও সিইও মাসরুর আবেফিনের স্বাগত বক্তব্য দিয়ে। সঞ্চালনা করেন বণিক বার্তা সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ।